

State Visit of the President of India to Bangladesh (December 15-17, 2021)

December 06, 2021

রাষ্ট্রপতির বাংলাদেশে রাষ্ট্রীয় সফর (15 - 17 ডিসেম্বর 2021)

ডিসেম্বর 06, 2021

বাংলাদেশের সম্মানীয় রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি জনাব আব্দুল হামিদের আমন্ত্রণে ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোভিন্দ, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ জয়লাভের 50 বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানে যোগদান করার জন্য এক রাষ্ট্রীয় সফরে 15 থেকে 17 ডিসেম্বর 2021-এ বাংলাদেশ যাবেন।

রাষ্ট্রপতি তাঁর সফরকালে বাংলাদেশের রাষ্ট্রপতির সাথে এক প্রতিনিধিস্থরের বৈঠকে অংশগ্রহণ করবেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী হার হাইনেস শেখ হাসিনা রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করবেন। বাংলাদেশের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ আবদুল মোমেনও তার সাথে সাক্ষাৎ করবেন।

এর আগে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের স্বাধীনতার স্বর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে, বাংলাদেশের জাতীয় জনক শেখ মুজীবর রহমানের জন্ম শতবর্ষ পালন উপলক্ষে এবং ভারত এবং বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 50 বছর পূর্তি উদযাপন উপলক্ষে 26 থেকে 27শে মার্চ 2021-এ বাংলাদেশে একটি রাষ্ট্রীয় সফর করেছিলেন।

ভারতের প্রতিবেশী প্রথম নীতির একটি মুখ্য স্তম্ভ হল বাংলাদেশ। নিরাপত্তা, সীমান্ত রক্ষণাবেক্ষণ এবং প্রতিরক্ষা, জল সম্পদ, বাণিজ্য, পরিবহন ও যোগাযোগ, স্বাস্থ্য, সংস্কৃতি ও জনগণের সাথে জনগণের মৈত্রী বন্ধন, শক্তি ও বিদ্যুৎ থেকে শুরু করে উন্নয়নে অংশীদারিত্ব এবং উপ-আঞ্চলিক সহযোগিতা অবধি বিভিন্ন ক্ষেত্রে প্রগতিশীল, ব্যাপক এবং সঙ্গতিপূর্ণ সহযোগিতা বাংলাদেশ ভাগ করে নেয়। দুই দেশ কোভিড-19 অতিমারী চলাকালীন চ্যালেঞ্জগুলিকে নিবিড় সহযোগিতার মাধ্যমে মোকাবিলা করেছে।

এই ঐতিহাসিক ঘটনা উপলক্ষে রাষ্ট্রপতির আগামী সফর এই দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বন্ধনের উচ্চ অগ্রাধিকারের প্রতিফলন। এটি, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক মৈত্রী বন্ধন, পারস্পরিক বিশ্বাস এবং বোঝাপড়ার উপরে ভিত্তি করে বহুমুখী এবং অপরিবর্তনীয় অংশীদারিত্বকে আরও ঘনীভূত এবং শক্তিশালী করার জন্য উভয় দেশের বন্ডিত আকাঙ্ক্ষাকেও পুনরায় নিশ্চিত করে।

নিউ দিল্লি

ডিসেম্বর 06, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.